



পুস্তক	পলিসি ম্যানুয়াল
বিভাগ	জুলাই ১৬ বোর্ড মিটিং
শিরোনাম	স্যাংচুয়ারি ডিস্ট্রিক্ট
কোড	TBN22
পর্যায়	প্রথমবার পড়ার জন্য

TBN 22 স্যাংচুয়ারি ডিস্ট্রিক্ট

এই ডিস্ট্রিক্ট শিক্ষার্থী বা তার পরিবারের অভিবাসনের অবস্থা নির্বিশেষে সকল স্কুল, স্থাপনা এবং সাইটে বিনামূল্যে, সরকারি শিক্ষা লাভে সকল শিক্ষার্থীর অধিকার সুরক্ষা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ, এবং এ ছাড়াও সকল শিক্ষার্থী, পরিবার এবং কর্মচারীর প্রতি সহনশীলতা বৃদ্ধি, অন্তর্ভুক্তি এবং সদয় মনোভাব বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

ডিস্ট্রিক্টের কর্মচারীবৃন্দ কখনই শিক্ষার্থী বা তার পরিবারের কোন সদস্যের অভিবাসনের অবস্থা নিয়ে কোন প্রশ্ন করবে না বা কোন কিছু রেকর্ড করবে না বা এমন কোন পদক্ষেপ নেবে না যা তার সরকারি শিক্ষা লাভের পথকে ক্ষতিগ্রস্ত করতে পারে, এবং পারিবারিক শিক্ষা অধিকার এবং গোপনীয়তা আইন (“FERPA”) অনুযায়ী পিতামাতার সম্মতি ছাড়া, কোন শিক্ষার্থীর অভিবাসন মর্যাদা, শিক্ষার রেকর্ড বা ব্যক্তিগত ভাবে শনাক্ত করা যায় এমন অন্য কোন প্রকার তথ্য প্রকাশ করবে না যার অন্তর্ভুক্ত বিষয়গুলোর মধ্যে অন্তত রয়েছে শিক্ষার্থীর নাম, শিক্ষার্থীর পিতামাতার নাম, সোশ্যাল সিকিউরিটি নম্বর, বা অন্য কোন ব্যক্তিগত ভাবে চিহ্নিতকরণের তথ্য।

শিক্ষার অভিজ্ঞতার আলোকে এবং সচেতনমূলক প্রক্রিয়ার অংশ হিসেবে, বোর্ড দেখতে পেয়েছে যে, অভিবাসন আইন প্রয়োগকারী কর্মকর্তাদের উপস্থিতি শিক্ষণের পরিবেশকে গুরুতরভাবে বাধাগ্রস্ত করে এবং কোন স্কুল সাইটে বা ডিস্ট্রিক্ট স্থাপনায় প্রবেশের এ ধরনের যে কোন অনুরোধ পর্যালোচনা এবং অনুমোদনের জন্য অনতিবিলম্বে অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট এবং অফিস অব দ্য জেনারেল কাউন্সিলে পাঠাতে হবে। কর্মকর্তাদের কোন স্কুল সাইটে বা ডিস্ট্রিক্ট স্থাপনায় প্রবেশের অনুমতি প্রদানের আগে অবশ্যই অনুমোদন গ্রহণ করে নিতে হবে।

স্কুলের কর্মচারীরা ইউএস ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE), ইউএস কাস্টমস বর্ডার প্রোটেকশন (CBP), বা ফেডারেল অভিবাসন প্রয়োগকারী সংস্থা বা অনুরূপ সংস্থা এবং অন্য কোন তৃতীয় পক্ষের কর্মকর্তাদের অবশ্যই বিল্ডিং-সাইট অ্যাডমিনিস্ট্রেটরের কাছে অনুরোধ না জানালে এবং অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট এবং জেনারেল কাউন্সিল তা অনুমোদন না করলে কোন স্কুল সাইটে বা ডিস্ট্রিক্ট স্থাপনায় প্রবেশের অনুমতি দেবেন না। শিক্ষণের পরিবেশকে বাধাগ্রস্ত করতে পারে এমন কোন তৃতীয় পক্ষের কাউকে বিল্ডিং বা সাইট অ্যাডমিনিস্ট্রেটর প্রবেশাধিকার দেবেন না।

তথ্যের জন্য বা স্কুল সাইটে প্রবেশের জন্য ICE বা CBP বা অন্য কোন অভিবাসন কর্মকর্তারা যোগাযোগ করলে স্কুলের কর্মীরা অবশ্যই অনতিবিলম্বে অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট এবং অফিস অব দ্য জেনারেল কাউন্সিলে যোগাযোগ করবেন। কর্মীরা অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবকের সঙ্গে যোগাযোগের চেষ্টা করবেন।

অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট, অফিস অব দ্য জেনারেল কাউন্সিলের উপদেশক্রমে, কোন স্কুল সাইটে প্রবেশের জন্য বা শিক্ষার্থীর তথ্য লাভের জন্য অভিবাসন আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কাছ থেকে পাওয়া অনুরোধ নিম্নের পন্থায় প্রক্রিয়াকরণ করবে:

1. কর্মকর্তা বা এজেন্টদের পরিচিতি অবশ্যই চেয়ে নিয়ে যাচাই করবে এবং ফটোকপি করবে;

2. সংবেদনশীল এবং নির্দিষ্ট কিছু এলাকার জন্য ICE এবং CBP বলবৎকরণের মেমো, হোমল্যান্ড সিকিউরিটি ইনভেস্টিগেশনস, এনফোর্সমেন্ট অ্যান্ড রিমুভাল কর্মকর্তা কর্তৃক পূর্ববর্তী কর্মকর্তাদের ডকুমেন্টেশন এবং ডিস্ট্রিক্টের প্রপারটিতে প্রবেশের জন্য সিপিবি'র নির্দেশনার সাথে সঙ্গতিপূর্ণ লিখিত অনুমোদনের অনুরোধ জানাবে এবং চাইবে;
3. আইনি পরোয়ানার জন্য অনুরোধ জানাবে এবং চাইবে, এবং ডকুমেন্টটির ফটোকপি রাখবে;
 - a. কর্মকর্তারা যে-শিক্ষার্থীকে খুঁজছে ওয়ারেন্ট বা পরোয়ানাটি অবশ্যই সুনির্দিষ্টভাবে তার জন্য হতে হবে বা সাইটে প্রবেশের জন্য অত্যাবশ্যক পরিস্থিতির বর্ণনা (স্বাস্থ্য বা নিরাপত্তাজনিত জরুরী অবস্থা) দিতে হবে;
 - b. কোন ওয়ারেন্ট না দেখালে, প্রবেশের কারণ জানাতে অনুরোধ করা হবে এবং তার নোট রাখতে হবে।
4. শিক্ষার্থীদের নাম এবং অনুরোধের কারণ জানাতে বলা হবে তার নোট সংরক্ষণ করতে হবে এবং;
 - a. স্কুল সাইটের কর্মীরা যদি এখনো শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবকের সঙ্গে যোগাযোগ না করে থাকে, তাহলে তা করে নেবে;
 - b. স্কুলের কর্মচারীরা কখনই শিক্ষার্থীদের সম্পর্কে আপনাদের নিজেদের তথ্য বা ধারণা প্রকাশ করার চেষ্টা করবেন না, যেমন উদাহরণস্বরূপ, কোন আইনি উপদেষ্টার উপস্থিতি ছাড়াই তাদের সময়সূচি প্রকাশ করা;
5. কর্মকর্তাদেরকে এই নীতিমালার কপি এবং রেজুলেশন অন অ্যাকসেস টু এডুকেশন, শিক্ষার্থীদের গোপনীয়তা, এবং ইমিগ্রেশন এনফোর্সমেন্ট-এর কপি প্রদান করবে;
6. কর্মকর্তাদের সঙ্গে যোগাযোগের দাপ্তরিক তথ্য জানানোর অনুরোধ করবে; এবং
7. কর্মকর্তাদেরকে জানাবে যে, কোন স্কুল সাইটে বা শিক্ষার্থীর তথ্য প্রবেশ করার আগে আপনাকে এই ধাপগুলো সম্পন্ন করতে হবে।

অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট এবং অফিস অব দ্য জেনারেল কাউন্সেল সকল অনুরোধ পর্যালোচনা করবে এবং সিদ্ধান্ত গ্রহণ করবে যে সাইটে/তথ্যে প্রবেশ করার অনুমতি দেওয়া হবে কি-না, এবং/অথবা এই তথ্য বা প্রবেশাধিকার যুক্তরাষ্ট্রের সংবিধান, Plyer v. Doe, FERPA, এবং ফেডারেল ও স্টেটের অন্যান্য সংবিধি, ফেডারেল ও স্টেট এজেন্সির প্রযোজ্য দিকনির্দেশনা, স্থানীয় অধ্যাদেশ এবং ডিস্ট্রিক্টের নীতিমালার সাথে সঙ্গতি নিশ্চিত করছে কি-না।

সকল অনুরোধ পর্যাপ্ত সময়ের নোটিশ সহকারে প্রদান করতে হবে যাতে অফিস অব দ্য সুপারিন্টেন্ডেন্ট, অফিস অব দ্য জেনারেল কাউন্সেল ডিস্ট্রিক্টের শিক্ষার্থী এবং কর্মীদের দ্রুত মানসিক এবং শারীরিক নিরাপত্তা সহায়তা দিতে পারে।

শিক্ষার্থীদের ব্যক্তিগত গোপনীয়তা নিশ্চিত ও সুরক্ষা করার জন্য, ডিস্ট্রিক্ট তাদের রেকর্ড-কপিং নীতিমালা এবং রীতিনীতি পর্যালোচনা করবে এবং নিশ্চিত করবে যেন শিক্ষার্থীর অভিবাসন মর্যাদা সম্পর্কে কোন তথ্য সংগ্রহের প্রয়োজন না হয়।

কোন অভিবাসী পিতামাতা/আইনী অভিভাবক বা শিক্ষার্থীর পরিচিতির উদ্দেশ্যে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি বা ডিপার্টমেন্ট অব জাস্টিসের প্রদানকৃত নিচের কোন ডকুমেন্ট দিতে সম্মত হলে, স্কুল কর্মচারীরা তা রেকর্ড করা থেকে বিরত থাকবে:

1. ডকুমেন্ট থেকে কোন ব্যক্তিগত তথ্য;
2. দাখিলকৃত ডকুমেন্টের ধরণ সম্পর্কে তথ্য; বা
3. এই সকল সংস্থার কোন ডকুমেন্ট যা দাখিল করা হয়েছে।

এ ছাড়াও, এখানে যে সকল নীতিমালার রূপরেখা উপস্থাপন করা হয়েছে সে-বিষয়ে ডিস্ট্রিক্ট আরো তথ্য ও রিসোর্স সহজপ্রাপ্য করে তুলবে।

আইনি

US CBP স্মারক - এনফোর্সমেন্ট অ্যাক্টিভিটিজ এট অর থালি নিয়ার সার্টেন কম্যুনিটি লোকেশনস, জানুয়ারি ১৮, ২০১৩
 হোমল্যান্ড সিকিউরিটি মেমো - এনফোর্সমেন্ট অ্যাকশনস অ্যাট সেনসেটিভ লোকেশনস, অক্টোবর ২৪, ২০১১
 Plyer v Doe, 457 US 202 (১৯৮২)
 20 USC 1232g, 34 CFR Part 99
 যুক্তরাষ্ট্রের সংবিধান সংশোধনী IV